

2 0 1 9

BENGALI

( Major )

Paper : 1.2

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×১০=১০

(ক) “বয়সে কিশোরী রাজার কুমারী”

এখানে কার কথা বলা হয়েছে?

(খ) “রূপে ভরল দিষ্টি”

‘দিষ্টি’ শব্দের অর্থ লেখো।

(গ) গৌরচন্দ্র কাকে বলা হয়?

(ঘ) ‘পূর্বরাগ’ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে?

(ঙ) “সহচরী মেলি চললি বররঙ্গিনী  
\_\_\_\_\_ করই সিনান।”

( শূন্যস্থান পূর্ণ করো )

( 2 )

- (চ) একচাকা গ্রামে কোন্ চৈতন্য-পরিকর জন্মগ্রহণ করেন ?  
(ছ) চৈতন্যদেবের পিতার নাম কী ?  
(জ) “মদ্য মাংস দিএণ কেহ \_\_\_\_\_ করে।”  
(শূন্যস্থান পূর্ণ করো)  
(ঝ) পত্নিত্রতা রমণীরা কী নামে চৈতন্যকে ডাকতেন ?  
(ঞ) “প্রভু কহে বৈদ্য তুমি ইহা কেনে পড়।” এখানে ‘বৈদ্য’  
কে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) ‘বৈষ্ণব পদাবলী’তে যে দুই উপায়ে নায়ক-নায়িকার  
পূর্বরাগ জাত হয় তাদের নাম লেখো।  
(খ) চৈতন্যদেবের দুই স্ত্রীর নাম কী কী ?  
(গ) শ্রীহট্টে জন্মগ্রহণ করেছেন এমন দুজন বৈষ্ণবের নাম  
লেখো।  
(ঘ) গঙ্গাদাসের পাঠশালায় নিমাই-এর সহপাঠীদের মধ্যে  
দুজনের নাম লেখো।  
(ঙ) গদ্যরূপ নির্দেশ করো—পরশ, আন্ধিয়ার।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) উদাহরণসহ প্রেমবৈচিত্রের সংজ্ঞা দাও।  
(খ) নবদ্বীপে মহাপ্রভু ও ঈশ্বরপুরীর বিদ্যারস চর্চার পরিচয়  
দাও।

( 3 )

- (গ) “হাসিয়া কহেন প্রভু আমি সে গোয়াল।  
ব্রাহ্মণের অন্ন আমি খাই চিরকাল॥”  
তাৎপর্য লেখো।  
(ঘ) “সদাই ধৈর্যে চাহে মেঘ পানে  
না চলে নয়ান-তারা।  
বিরতি আহারে রাঙ্গাবাস পরে  
যেমত যোগিনী পারা॥”  
অন্তর্নিহিত ভাবসৌন্দর্য বিশ্লেষণ করো।

(ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

“কণ্টক গাড়ি কমলসম পদতল  
মঞ্জীর চীরহি বাঁপি।  
গাগরি-বারি চারি করু পীছল  
চলতহি অঙ্গুলি চাপি॥”

ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর লেখো :

১০×৪=৪০

ক—গুচ্ছ

- ৪। (ক) ‘বৈষ্ণব পদাবলী’র অন্তর্গত ‘অভিসার’ পর্যায়ের পদ  
রচনায় গোবিন্দদাসের কৃতিত্ব বিচার করো।  
(খ) ভাবী, ভবন ও ভূত বিরহ কাকে বলে? তোমার পাঠ্য  
‘মাথুর’ পর্যায়ের পদসমূহ আলোচনা করে এই তিন  
প্রকার বিরহের পরিচয় দাও।  
(গ) গৌরচন্দ্রিকা-বিষয়ক পদের ভাবসৌন্দর্য সম্পর্কে  
আলোচনা করো।

৪+৬=১০

- (ঘ) পূর্বরাগ কাকে বলে? পূর্বরাগ ও রূপানুরাগের মধ্যে পার্থক্য কোথায়? রূপানুরাগের পদ রচনায় জ্ঞানদাসের কৃতিত্বের পরিমাপ করো। ২+২+৬=১০

খ—গুচ্ছ

- ৫। (ক) বৃন্দাবনদাসকে 'চৈতন্যলীলার ব্যাস' বলার কারণ কী কী? যুক্তিসহ সে সম্পর্কে আলোচনা করো।
- (খ) 'চৈতন্যভাগবত' গ্রন্থের তোমার পাঠ্য অংশে সমকালীন ধর্মীয় ও সামাজিক জীবনের রূপচিত্র যেভাবে অঙ্কিত হয়েছে, তার বিবরণ দাও।
- (গ) 'চৈতন্যভাগবত' গ্রন্থে কোন্ কোন্ ঘটনায় বৃন্দাবনদাস অলৌকিক রস ফুটিয়ে তুলেছেন তা পর্যালোচনা করো।
- (ঘ) জীবনীকাব্য হিসাবে 'চৈতন্যভাগবত' গ্রন্থটির সার্থকতা বিচার করো।

★ ★ ★